

15

কৃষি বিশ্ববিদ্যালয়ে এক মাসব্যাপী প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-
সিংহ), ১২ই আগস্ট (নিজস্ব সংবাদ-
দাতা)।- বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটি-
টিউটে কর্মরত বিজ্ঞানীদের একমাসব্যাপী
প্রশিক্ষণ কর্মসূচী গত ১লা আগস্ট থেকে
শুরু হয়েছে।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান
অতিথি ছিলেন ইন্সটিটিউটের মহা-
পরিচালক বিশিষ্ট পরমাণু কৃষি বিজ্ঞানী ডঃ
মোঃ আনোয়ারুল কাদের শেখ, বিশেষ
অতিথি ছিলেন ইন্সটিটিউটের মৃত্তিকা
বিজ্ঞান বিভাগীয় প্রধান ডঃ ইদ্রিস আলী।
উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন
ইন্সটিটিউটের পরিচালক ডঃ চন্দ্রশেখর
সাহা এবং পরিচালনা করেন প্রশিক্ষণ,
যোগাযোগ ও প্রকাশনা বিভাগের প্রধান ডঃ
এ আর এম সোলাইমান।

উল্লেখ্য, এ প্রশিক্ষণে মোট ২৮ জন
কৃষি বিজ্ঞানী অংশ নিচ্ছেন।